

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম।
dss.karnafuli.chittagong.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৯.০০০.৩৩.০০১.২২.৫৯

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ অনুযায়ী সংস্থার কার্যক্রম পরিচালনা না
করায় উপজেলা সমাজসেবা কার্যালয় আয়োজিত শুনানিতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার পরিচালিত সংস্থাটি জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম হতে নিবন্ধনপ্রাপ্ত। নিবন্ধন প্রাপ্তির পর স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা-০৭ মোতাবেক রেজিস্ট্রিকরণ কর্তৃপক্ষের প্রতিনিধি হিসেবে উপজেলা সমাজসেবা কার্যালয়, কর্ণফুলী, চট্টগ্রামে আপনার সংস্থার বার্ষিক প্রতিবেদন, হালনাগাদ অডিট রিপোর্ট এবং কার্যকরী কমিটির হালনাগাদ তথ্য উপস্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু, আপনার সংস্থার পক্ষ হতে দীর্ঘদিন ধরে বার্ষিক প্রতিবেদন ও হালনাগাদ অডিট রিপোর্ট প্রেরণ করেন নাই এবং কার্যকরী কমিটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও সেটি হালনাগাদ করার চেষ্টা করেন নাই। এমনকি, অত্র কার্যালয়ের ৪১.০১.১৫৩৯.০০০.১৬.০৪২.২৩.৬৯ নম্বর স্মারকে আপনাকে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি আপনি কার্যকরী কমিটি হালনাগাদের কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই।

এমতাবস্থায়, আপনার সংস্থার নিবন্ধন হালনাগাদকরণের নিমিত্তে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা-১০-এ প্রদত্ত ক্ষমতাবলে আগামী ০২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ, রোজ-বৃহস্পতিবার, সকাল-১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে শুনানির আয়োজন করা হয়েছে। উক্ত শুনানিতে আপনার সংস্থার যাবতীয় কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, শুনানিতে অনুপস্থিত থাকলে আপনার সংস্থার নিবন্ধন বাতিলের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণ করা হবে।



২৪-০৪-২০২৪
সবুর আলী
উপজেলা সমাজসেবা অফিসার

সভাপতি/সাধারণ সম্পাদক,

স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৯.০০০.৩৩.০০১.২২.৫৯/১ (৫)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম;

- ২। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কর্ণফুলী, চট্টগ্রাম;
- ৪। সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম এবং
- ৫। সমাজসেবা অফিসার (রেজি.), স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।



A handwritten signature in black ink, appearing to be 'সবুর আলী' (Sabur Allee).

২৪-০৪-২০২৪

সবুর আলী

উপজেলা সমাজসেবা অফিসার